R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিণ্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

সকলের প্রিয় এবং মুখরোচক
স্পেশাল লাড্ডু
ও
শ্লাইজ ব্রেডের
জনপ্রিয় প্রতিষ্ঠান
সতীমা বেকারী
মিঞাপুর
পোঃ ঘোড়শালা (মুর্শিদাবাদ)

৭৩শ বর্ষ.
১১ম সংখ্যা
রঘুনাথগঞ্জ ২০শে শ্রাবণ বুধবার, ১৩৯৩ সাল।
৬ই আগষ্ট, ১৯৮৬ সাল।
নগদ মূল্য : ৩০ পয়সা
বার্ষিক ১৫্ টাকা

## হাসপাতালে অব্যবস্থা—রোগীদের হয়রানি দিন দিন বাড়ছে

বিশেষ সংবাদদাতা : জঙ্গিপুর মহকুমা হাসপাতালে দিন দিন যেমন রোগীর চাপ বৃদ্ধি পাচ্ছে তেমনি হাসপাতাল কর্তৃপক্ষের উদাসীনতাও বাড়ছে। ডাক্তারের অবহেলায় রোগীর প্রাণনাশ, রোগীদের পথ্যে অখাদ্য সরবরাহ ইত্যাদি বিভিন্ন অভিযোগ তো রয়েছে তদুপরি আরো অনেক রকমের অব্যবস্থা। যার ফলে রোগীরা সুস্থ হতে হাসপাতালে এসে নাজেহাল হচ্ছেন। এখানে রক্ত পরীক্ষা করাতে এসে দালালদের খপ্পরে পড়ে অহেতুক অর্থনাশ করতে হয়। জনৈক ভুক্তভোগীর অভিমত, অভিজ্ঞ ডাক্তারের সই নিয়ে সাধারণ কর্মীরাই রক্ত পরীক্ষার রিপোর্ট তৈরী করে রোগীদের কাছ থেকে পয়সা নিচ্ছেন। ফলে রক্ত পরীক্ষার বহু ভুল ত্রুটি থেকে যাচ্ছে। বহু দিনাদিত ব্লাড ব্যাঙ্ক প্রতিষ্ঠিত হয়েছে। কিন্তু সেখানে সব কিছু থাকলেও ফ্রীজের অভাবে ব্লাড ব্যাঙ্ক অকেজো হয়ে পড়েছে। ফ্রীজের অভাবে সম্প্রতি সাত বোতল দান করা রক্ত নষ্ট হয়ে গেছে বলে খবর। ব্লাড ব্যাঙ্ক খোলে সকাল আটটায় বন্ধ হয় বেলা একটায়। এর পর কোন ইমারজেনসি ব্যবস্থা নাই। ফলে হঠাৎ ব্লাডের প্রয়োজন হলে পাবার কোন উপায় নাই। ব্লাডগ্রুপ টেষ্টের ব্যবস্থা অপ্রতুল। একজন ভারপ্রাপ্ত কর্মী আছেন। যিনি কোয়ার্টারের অভাবে প্রায় দু-বছর ধরে জিয়াগঞ্জ থেকে যাতায়াত করেন। তাই তাঁকে যে কোন সময় পাওয়া সম্ভব হয় না। অপারেশনের ক্ষেত্রে এখনও সেই প্রাগৈতিহাসিক 'ইথার' ব্যবস্থা এখানে চালু আছে। এনাসথেসিয়ার কোন ব্যবস্থা নাই। কারণ কোন এনাসথেসিষ্ট এখানে নাই। বর্তমানে হাসপাতালে কোন চোখের ডাক্তার নাই। ডাঃ ভকত বেশ কয়েক মাস আগে অবসর নিয়েছেন। অপর ডাঃ পাল এখান থেকে চলে গিয়েছেন। তবে সি পি এম পার্টি সূত্রে খবরে প্রকাশ ডাঃ পালকে তাঁরা এখানে পুনরায় আনার চেষ্টা চালাচ্ছেন।

হাসপাতাল দিন দিন বড় হচ্ছে, রোগীর চাপ বাড়ছে, ডাক্তার ও ষ্টাফ বাড়ছে কিন্তু প্রয়োজনীয় ষ্টাফ বা আধুনিক মেসিনপত্র কেন আসছে না, সে এক রহস্য। সুস্বাস্থ্য রোগ নিরাময় ব্যবস্থা যা জনগণের আশু প্রয়োজন এবং সবচেয়ে বেশী দরকার, সে দিকে সরকারের দৃষ্টি নাই। মহকুমা শহরে বাস করেও যদি সামান্য রক্তের বা অপারেশনের জন্য মানুষকে অযথা বহরমপুর যেতে হয় তবে তার চেয়ে দুঃখজনক ঘটনা আর কি হতে পারে!

## মদ, তাড়ি, চোলাই-এর রমরমা কারবার

ধুলিয়ান : এ অঞ্চলে নিমতিতা থেকে ফরাক্কা পর্য্যন্ত মদ, তাড়ি, চোলাই-এর রমরমা কারবার চলছে আবগারীকে কর ফাঁকি দিয়ে। বিভিন্ন সূত্র থেকে আমাদের দপ্তরে খবর এসেছে যে তালগাছ পিছু ১০ টাকা ও দোকান পিছু মাসিক ৩০ টাকা প্রণামী দিয়ে এই সমস্ত কারবার চলছে। সরকারী কর দেবার কোন প্রয়োজন হয় না। ফলশ্রুতি আবগারী বিভাগের প্রায় বাৎসরিক লক্ষ টাকা কর্মচারীদের পকেটে যাচ্ছে। ধুলিয়ান ডাকবাংলো, নয়নসুখ, ফরাক্কা, সাজুর মোড় প্রভৃতি জায়গায় পথের ধারের চায়ের দোকানগুলিতে যে কোন সময় চোলাই মদ বা বোতলে তাড়ি দাম দিলেই মেলে। কোল্ডড্রিংসের সাথে পাঞ্চ ক'রেও সাপ্লাই দেওয়া হয়। আবগারী ও স্থানীয় পুলিশ সব জেনেও চুপচাপ থাকে। স্থানীয় মানুষের অভিযোগ ঐ সব চায়ের দোকান ও হোটেল-গুলি অসামাজিক লোকদের এক-একটি ডেরা হয়ে উঠেছে। চুরি ছিনতাই নৈমিত্তিক ঘটনা। প্রশাসন নির্বিকার।

## ব্রহ্মাণী উত্তর সেচখালের বেহাল অবস্থা

বাড়ালা : ব্রহ্মাণী উত্তর সেচখাল হতে ( ১৯নং শাখা রমনা, সিদ্ধিকালী, সেগুা, জামুয়ার, মণ্ডলপুর প্রভৃতি গ্রামের প্রায় সব চাষযোগ্য জমিতে জলসেচ হয়। সেচখালটি হতে বহু শাখা খাল বিভিন্ন মাঠের কাজে সাহায্য করে। কিন্তু বর্তমানে সমস্ত খালগুলিই জলবাহিত বালু জমার ফলে অকেজো হয়ে পড়েছে। কিন্তু সরকারের সেচবিভাগ কর আদায়ে যত তৎপর সেচখাল সংস্কারে তত তৎপর নয়। ফলে গত বছরের খরায় কোন রকমে জল পাওয়া গেলেও এ বছর জল পাওয়া কঠিন হয়ে পড়েছে। এদিকে খালের বুক বালি ভর্ত্তি হওয়ায় যখন জল ছাড়া হয় তখন কাজের চেয়ে অকাজ বেশী হয়। আশেপাশের রাস্তাগুলি জলপ্লাবিত হয়ে মানুষজনের পথ চলা কষ্টকর করে তোলে। সেচবিভাগ যদি সামান্য দৃষ্টি দিয়ে খাল সংস্কার করেন ও অতিরিক্ত জলভারকে বাড়ালা, সিমলা, চৌকি, জরুর প্রভৃতি গ্রাম সংলগ্ন মাঠে বহিয়ে দেওয়ার ব্যবস্থা করতে পারেন তবে ঐ মাঠগুলিও সেচের সুবিধা পেতে পারে। এবং খরায় আকাশে মেঘের দিকে চেয়ে চাষীদিকে হা-হুতাশ করতে হয় না।

১৯৮৬ সালের নতুন চা—গৌহাটী, শিলিগুড়ি ও কলকাতার বাজার দরের সাথে সমতা রক্ষা করে চা ভাণ্ডারে পাওয়া যাচ্ছে "পাইকারী চা"। বেকার ও নতুন ব্যবসায়ীদের জন্য বিশেষ ব্যবস্থা আছে। চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।

ডায়মণ্ড বেকারী
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ
ভ্যারাইটিজ পাউরুটি ও বিস্কুট
প্রস্তুতকারক

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

২০শে শ্রাবণ বুধবার, ১৩৯৩ সাল

## ॥ 'ঘুমঘোরে…' ॥

ভারতের স্বাধীনতা আন্দোলনের সময় একটি গান শ্রুত হইত: 'কাতরকণ্ঠে ডাকছে যে তোরে, দেশজননী তোর/দেড়শ বছর ঘুম ঘুমায়ে ভাঙল না তোর ঘুমের ঘোর?' ইত্যাদি। 'ঘুমের ঘোর' কথায় ব্যঞ্জনা বুঝিবার সাধ্য তখন ছিল না। বুঝা যাইত যে, ইহার দ্বারা কিছু বুঝাইবার বিষয় আছে। পরবর্তীকালে গানটির তাৎপর্য ধরা পড়িল. সকলের মধ্যে দেশাত্মবোধ সঞ্চারের প্রয়াস ছিল তাহাতে।

যাহা হউক, একদিকে বীরের রক্তস্রোত, অন্যদিকে মাতার অশ্রুধারা আমাদের স্বাধীন করিল। তবে ঘুমঘোর কাটে নাই যদিও তাহার ধরনের পরিবর্তন হইয়াছে। যেন 'বাসাংসি জীর্ণানি যথা বিহায়' ইত্যাদি, যাহাতে বলা হইয়াছে যে আত্মা অবিনশ্বর, মৃত্যু উহার আধার বদলায়। এই ঘুমঘোর প্রাক্-স্বাধীন যুগে ছিল নিষ্ক্রিয়তা পর্যায়ের, আর স্বাধীনতা প্রাপ্তির চতুর্থ দশকের দুয়ারে উপনীত হইয়া ইহা দাঁড়াইয়াছে নিজ নিজ কর্তব্যকর্মে অবহেলা বা গাফিলতি হইয়া।

তাহা যদি না হইবে ত আমাদের পত্রিকার গত সংখ্যায় প্রকাশিত প্রতিবেদনোক্ত অফিসার ভদ্রলোকের এ হেন মতি হইবে কেন? তাঁহার অফিসের নেমপ্লেটে 'ইন' সংকেত থাকিলেও তিনি অমিল হইলেন। সংবাদ আসিল দুইবার দুই রকম—তিনি বিশ্রাম করিতেছেন, পরে তিনি অন্য এক সাহেবের সঙ্গে কথা বলিতেছেন। অফিসার সাহেব যদি বলিয়া দিতেন 'রিপোর্টার্স নট এ্যালাউড', তাহা হইলে বেচারা সাংবাদিককে নাজেহাল হইতে হইত না। পিওন সত্যবাদী বলিয়া 'সাহেব ঘুমুচ্ছেন' বলিয়াছিলেন। মন্দ লোকে বলিবে যে, পিওনের হিংসা হইয়াছিল। তিনি ত আর এমন উষ্ণ ও আর্দ্র আবহাওয়ায় ঢুলু-ঢুলু নেত্র হইতে পারেন না। অথবা উচ্চপদাধিকারে অপরজন বাসায় গিয়া সুখে আছেন। এ কেমন সাম্যবোধ! আট ঘণ্টা অফিসের কাজের সময় হইতে জলযোগের জন্য এক ঘণ্টা এবং বিশ্রামের জন্য অন্ততঃ দুই ঘণ্টা কাটিয়া রাখা প্রয়োজন। অবশ্য অলিখিত থাকিলেও সর্বত্র অফিসের কাজ কতটুকু হয়? এক টেবিল হইতে অপর টেবিলে (একই ঘরে) ফাইল যাইতে হয়ত বা বৎসর ঘুরিয়া যায়। পিওন ভালমানুষ, বাধ্য। সাংবাদিকের জরুরী প্রয়োজন থাকা সত্ত্বেও বিশ্রামকালে কাহাকেও যাইতে না দিবার হুকুম তিনি মানিয়াছেন। 'লগবুক'-এর গোপন রিপোর্টের আশঙ্কা আছে। প্রমোশন, পেনসন প্রভৃতি ধাক্কা খাইতে পারে ত!

তবে সান্ত্বনা এই যে, এই ঘুমঘোর অর্থাৎ কর্তব্যে ঢিলামি জনৈকের নয়। ইহা সর্বভারতীয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধে বিপর্যস্ত জাপান ও জার্মানী কি শিল্প. কি অর্থনীতি – সব দিকে আশ্চর্য আগাইয়া গিয়াছে শুধু নিজেদের সততা, পরিশ্রম ও কর্মনিষ্ঠায়। আমরা অদ্যাবধি এই গুণগুলির নির্বাসন দিয়াছি। অবাধ স্বাধীনতা আসিয়াছে দুর্নীতির ছত্র মেলিয়া ধরিবার, দেশকে খণ্ড খণ্ড করিবার এবং সর্প ও ভেককে যুগপৎ চুম্বন করিয়া ভোটের মাধ্যমে গদী দখলে রাখিবার কাজে।

প্রশ্ন হইতে পারে, অফিসে গিয়া কাজের সময় যদি ঘুমঘোরের প্রয়োজন হয়, তবে সে অফিস থাকিবার কি প্রয়োজন? তাহা হইলে ত দেশের সব অফিসই উঠাইয়া দিতে হয়। আর প্রয়োজন আছে বৈকি! অন্তরঙ্গে কাজ যেমনই হউক, বহিরঙ্গের পরিপাট্য বজায় রাখিতে পারিলে দেশ কত আগাইতেছে, তাহার জয়ঢক্কা নিনাদ কতজনেই শুনিতে পাইবেন!

## প্রতিভা অনুসন্ধান বৃত্তি

বহরমপুর: ১৯৮৭-৮৮ সালের শিক্ষাবর্ষে সঙ্গীত, নাটক, চিত্রকলা, পুতুল নাচ, মুখোশ তৈরী, ভাস্কর্য প্রভৃতিতে বিশেষ শিক্ষা নেবার জন্য অনুমোদিত স্কুলের ছাত্র-ছাত্রীরা 'প্রতিভা অনুসন্ধান বৃত্তি'র আবেদন করতে পারবে। বিশেষভাবে ধারাবাহিত তথা লোকসঙ্গীত, নৃত্য, নাটক, চিত্রকলা ও কারুশিল্প বিষয়েও আদিবাসী ও তপশীলি ধারাবাহিত শিল্প চর্যায় নিয়োজিত পরিবারের ছাত্র-ছাত্রীরাও অগ্রাধিকার পাবে। ছাত্র-ছাত্রীদের জন্ম অবশ্যই ১৯৭৫ জুলাই থেকে ১৯৭৭-এর জুনের মধ্যে হওয়া চায়। ১৯৮৭-৮৮ সালের জন্য ৩০০টি বৃত্তি দেওয়া হবে। এই বৃত্তির স্থায়িত্বকাল এক বছরের হলেও বছর বছর বাড়ানো হবে। যারা নিজেদের বাসস্থানে থেকে স্থানীয় বিদ্যালয়ে পড়াশুনা করে তারা বার্ষিক ৬০০ টাকা এবং যারা অন্যত্র পড়াশুনা করে তারা বার্ষিক ১২০০ টাকা বৃত্তি পাবে। তাছাড়া বিশেষ শিক্ষালাভের জন্য মাসিক বেতন বা প্রশিক্ষককে দেয় মাসিক দক্ষিণার সমহারে খরচের জন্য অর্থও বৃত্তি প্রাপককে দেওয়া হবে। আবেদনপত্র পাওয়া যাবে সেণ্টার ফর কালচারাল রিসোর্সেস এণ্ড ট্রেনিং, ভাওয়ালপুর হাউস, ভগবানদাস রোড. নিউদিল্লি-১১০০০১ অথবা সচিব পশ্চিমবঙ্গ রাজ্য নৃত্য, নাঠ্য, সঙ্গীত ও দৃশ্যকলা একাদমি রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়, কলিকাতা-৭০০০০৭ থেকে। আবেদনপত্র যথাযথ পূরণ করে আগামী ৩১ অক্টোবর, ১৯৮৬ মধ্যে সেণ্টার ফর কালচারাল রিসোর্সেস এণ্ড ট্রেনিং এর নিউদিল্লী ঠিকানায় পৌঁছানো চায়।

## বনসৃজন সপ্তাহে বর্ণাঢ্য মিছিল

রঘুনাথগঞ্জ: গত ২৩ জুলাই মুর্শিদাবাদ-নদীয়া বনবিভাগের পরিচালনায় বিভিন্ন ক্লাব ও সরকারী কর্মচারী সমিতিগুলির সহায়তায় এক বর্ণাঢ্য মিছিল শহরের পথ পরিভ্রমণ করে। মিছিলে বিভিন্ন পোষ্টারের মাধ্যমে বনবাগান সৃষ্টির প্রয়োজন তুলে ধরা হয় এবং নানা ধরনের চারাগাছ বিতরণ করা হয়। কিন্তু শহরে বা গ্রামে একদিন বা এক সপ্তাহ এইভাবে প্রচারের মাধ্যমে বনসৃজনে উৎসাহ দান সম্ভব বলে সাধারণ মানুষ মনে করেন না। বনবিভাগের বিগত বছরগুলির প্রয়াসের ব্যর্থতাই তার প্রমাণ। সাগরদীঘি বা আহিরণে বনবিভাগের রোপিত মূল্যবান চারাগুলি যৌবন প্রাপ্তির সাথে সাথে যেভাবে জ্বালানার স্বার্থে অপসারণ করা হয়েছে তা দেখে বেশ বোঝা যায় বনসৃজনের ব্যাপারে গ্রামের মানুষকে সচেতন করার প্রয়াস সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। ফলশ্রুতি সরকারের অর্থ নয়-ছয় করা ছাড়া কিছুই হয়নি। এই সব প্রয়োজনীয় কর্মসূচীর রূপায়ণ করতে হলে সর্বাগ্রে মানুষকে এর প্রয়োজন সম্পর্কে সচেতন করা দরকার। সে ক্ষেত্রে সাময়িক সপ্তাহ বা দিবস পালন, কিংবা কয়েকটি ক্লাবের সভ্যদের সাময়িক উত্তেজনা সৃষ্টিকারী উৎসবে একত্রিত করা কর্মসূচী রূপায়ণে সাহায্য করতে পারে না। প্রথম প্রয়োজন গ্রামে গ্রামে নিত্য-নৈমিত্তিক প্রচার অভিযান চালানো। গ্রাম্য মজলিসে পরিকল্পনা সম্বন্ধে কথোপকথনের ব্যবস্থা করা। রেডিও ও টি, ভিতে বিভিন্ন প্রোগ্রামের মাধ্যমে মানুষকে সচেতন করার চেষ্টা চালানো। স্কুল-কলেজে বনসৃজন ও গাছ লাগানোর প্রয়োজন ও উপকারিতা সম্বন্ধে মাঝে মাঝে বক্তৃতা ও আলোচনার ব্যবস্থা করা। তাছাড়া পথিপার্শ্বে বা বনের মধ্যে গাছ চুরি বন্ধ করতে কঠোর ব্যবস্থা নেবারও বিশেষ প্রয়োজন আছে।

# National Thermal Power Corporation Ltd.

NTPC

( A Government of India Enterprise )

**FARAKKA SUPER THERMAL POWER PROJECT**

FARAKKA : DIST. MURSHIDABAD : WEST BENGAL

PIN : 742236

Sealed tenders are invited from experienced and registered contractor of NTPC/CPWD/Railways/WBSEB and Public Sector Undertaking for the following works. Tender documents can be had in person showing the registration and credentials from the office of the undersigned during working hours of the date mentioned for sale of documents on payment of cost of tender documents for the works. Tenderers desiring documents by post should sent Rs. 20/- (Rupees Twenty) only extra for the work either by I. P. O. payable at Post Office, Khejuriaghat or Demand Draft in favour of National Thermal Power Corporation Ltd., payable on State Bank of India at Farakka alongwith a copy of proof of registration and credentials.

The tender documents will be on sale from 8. 8. 86 to 28. 8. 86 from 9-00 to 12-00 hours and 14-30 to 16-00 hours. Tenders will be received upto the tender opening date and time as indicated below and will be opened immediately the reafter in presence of the attending tenderers or their authorised representatives.

| Sl. No. | Name of works | Approx. value of work | Amt. of EMD Cost of tender paper | Completion period | Date of time of opening |
|---|---|---|---|---|---|
| 1. | Development of Children parks and other areas at permanent township of FSTPP. NIT No. FS : 42 : CS : 1502/T-37/86 | 3.60 Lakhs | Rs. 7200/- Rs. 50/- | One year | 29-8-86 at 2-00 p.m. |
| 2. | Annual maintenance of building including water supply system in temporary township, HCC colony & CISF complex of FSTPP. NIT No. FS : 42 : CS : 600/T-38/86 | 3.50 Lakhs | Rs. 7000/- Rs. 50/- | One year | 29-8-86 at 2-00 p. m. |
| 3. | Development of gardens at plant site, Bengali medium school, Community centre, VIP Guest house & Field hostel complex of FSTPP. NIT No. FS : 42 : CS : 604/T-39/86 | 4.00 Lakhs | Rs. 8000/- Rs. 50/- | One year | 29-8-86 at 2-00 p.m. |
| 4. | Providing & fixing of steel gabions for pretection of trees in permanent township of FSTPP. NIT No. FS : 42 : CS : 603/T-40/86 | 2.00 Lakhs | Rs. 4000/- Rs. 50/- | Three months | 30-3-86 at 2-00 p.m. |
| 5. | Levelling & gravel filling at equipment portion of switch-yard at plant site of FSTPP. NIT No. FS : 42 : CS : 851 (Vol-1)/T-41/86 | 25.00 Lakhs | Rs. 50,000/- Rs. 100/- | Six months | 30-8-86 at 3-00 p.m. |
| 6. | Levelling & gravel filling at other than equipment portion of switch-yard at plant site of FSTPP. NIT No. FS ; 42 : CS : 851 (Vol-II)/T-42/86 | 17.00 Lakhs | Rs. 34,000/- Rs 100/- | Six months | 30-8-86 at 3-00 p m. |

Contd

## Terms and Conditions :

1. Proof of registration, latest tax clearance certificates and other credentials are to be shown at the time of obtaining forms and should be submitted alongwith the tender.
2. Interested parties are advised to visit site to familiarise with the site conditions.
3. Tenders received late and/or without Earnest money will not be entertained. Adjustment of Earnest money against running account bill is not acceptable and Earnest money to be submitted in any of the acceptable form as mentioned in the tender paper. Tenderers registered with any other project of NTPC, are not exempted from depositing EMD. All the tenders must be accompanied by requisite Earne.t money in prescribed form. Earnest money of ... ... ... ... ... enclosed should clearly be written on the top of the envelope containing tender paper, failing which the tender(s) may not be opened and will be returned to the tenderer(s).
4. NTPC takes no responsibility for delay or non-receipt of tender documents sent by post.
5. The authority of acceptance of any offer in part or in whole or dividing the work amongst more than one party solely rests with NTPC. NTPC does not bind itself to accept the lowest offer or any offer and reserves the right to cancel any or all the offers without assigning any reason.
6. For. sl, no. '5' & '6' contractors having successfully completed similar type of job with award value not less than 15 (fifteen) lakhs against a single order and with annual turnover above 30 lakhs need only apply for the tender documents.

**Senior Engineer (Contracts)**
F. S. T. P. P./N. T. P. C.,
Farakka, Msd.

### উৎকোচের 'কোচ' দিচ্ছেন কর্মচারীরা

ধুলিয়ান : রতনপুরে শ্যাম বিড়ি ফ্যাক্টরীর সন্নিকটে অবস্থিত সেটেলমেন্ট অফিসের কর্মচারীদের বিরুদ্ধে স্থানীয় মানুষের অভিযোগ, এখানে উৎকোচ ছাড়া কোন কাজ পাওয়া যায় না। তার উপর কর্মচারীদের কেউই সঠিক সময়ে অফিসে আসেন না। ফলে জনসাধারণকে অহেতুক অফিসে বসে থাকতে হয়। ঘটনা এতদূরে পৌঁছেছে যে এই নিয়ে দু-একবার বচসা মারামারিও হয়েছে। কিন্তু কোন প্রতিকার আজও হয়নি! একজন রসিক ব্যক্তি মন্তব্য করলেন—এখানকার কর্মীদিকে উৎকোচের 'কোচের' চাকরী দেওয়া উচিত।


নিখুঁত টিভি
**প্যানোরামা**
এক বছরের গ্যারান্টিসহ
বিক্রেতা :
টেলিষ্টার ইলেকট্রনিক্স
রঘুনাথগঞ্জ, ফুলতলা, মুর্শিদাবাদ
বি: দ্র: টিভি সারভিসিং করা হয়।


### বিজ্ঞপ্তি

মুর্শিদাবাদ শহরাঞ্চলস্থিত প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের পুষ্টি-প্রকল্পের জন্য পাঁউরুটি সরবরাহের 'দরপত্র' গ্রহণের বিজ্ঞপ্তি :

মুর্শিদাবাদ জেলা পরিদর্শক (প্রাথমিক শিক্ষা) মুর্শিদাবাদ অধীনের পৌর এলাকায় অবস্থিত প্রাথমিক বিদ্যালয়গুলিতে ছাত্র-ছাত্রীদের দ্বিপ্রাহরিক আহারের নিমিত্ত মোট ৪৫০ গ্রাম ওজনের (৭৫ গ্রাম ৬টি সমান খণ্ডতে বিভক্ত) রুটি সরবরাহ করার জন্য প্রতিটি বেকারীসমূহের নিকট হতে গালা মোহর করা খামে 'দরপত্র' আহ্বান করা হচ্ছে।

আগ্রহী ব্যক্তিবর্গ ১০-০৮-৮৬ তারিখ পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর অফিসে (শনিবার বাদে অন্য সমস্ত কাজের দিন) বেলা ১২টা থেকে ৪টা পর্যন্ত বিশদ নিয়মাবলী ও 'দরপত্রের' নির্দ্ধারিত ফর্মের জন্য যোগাযোগ করতে পারেন।

'দরপত্র' জমা দেওয়ার শেষ তারিখ ১২-০৮-১৯৮৬ বেলা ২টা পর্যন্ত। ঐ দিনই বেলা ৩ ঘটিকায় সংশ্লিষ্ট বেকারীদের উপস্থিতিতে 'দরপত্র' খোলা হবে। সর্ব্বনিম্ন 'দরপত্র' গ্রহণে এই অফিস বাধ্য নাও থাকতে পারে। প্রয়োজনে কোন কারণ না দেখিয়ে যে কোন বা সকল 'দরপত্র' অগ্রাহ্য করিবার অধিকার নিম্নস্বাক্ষরকারীর রহিল।

স্বাক্ষর সুদর্শন বিশ্বাস
জেলা বিদ্যালয় পরিদর্শক (প্রাথমিক শিক্ষা)
মুর্শিদাবাদ

জেলা তথ্য ও সংস্কৃতি বিভাগ, মুর্শিদাবাদ


বসন্ত মালতী
রূপ প্রসাধনে অপরিহার্য
সি, কে, সেন এ্যাণ্ড কোং লিমিটেড
কলিকাতা ॥ নিউ দিল্লী






দাস ব্যাটারী কোং
প্রো: মদনমোহন দাস
ষ্টোরেজ ব্যাটারী ও ব্যাটারী প্লেট প্রস্তুতকারক
(১৫ মাসের গ্যারান্টি দেওয়া হয়)
উমরপুর, পো: ঘোড়শালা;
জেলা মুর্শিদাবাদ
ফোন : আর জি জি ১৫৫



গেঞ্জি ফ্যাক্টরী বিক্রী
রঘুনাথগঞ্জ ফুলতলায় একটি চালু গেঞ্জি ফ্যাক্টরী বিক্রি আছে। অনুসন্ধানের ঠিকানা—
সাহা ক্লথ ষ্টোর
প্রো: প্রভাতকুমার সাহা
রঘুনাথগঞ্জ, বাজারপাড়া


রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।